

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৭৭

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৯

০৫ মার্চ ২০২৩

বিষয়: বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত (রিট পিটিশন নং-৬৪৪/২০২৩, ১০৬৭৬/২০২২, ১১১৯৬/২০২২, ১১৭৭০/২০২২ এবং ১৪৯৭৬/২০২২) মামলাসমূহ পরিচালনা সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ সরকারি বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি/সহকারী শিক্ষক এর নাম সংযুক্তকরণ/শিক্ষক-কর্মচারীদের বেতন ছাড়করণ/প্রধান শিক্ষক পদে চুক্তিভিত্তিক নিয়োগ/এমপিওভুক্তির বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র.নং	মামলা নং	যে সংক্রান্ত মামলা	বাদীর নাম ঠিকানা	বিবাদীর নাম	পরিচালনা কর্তৃপক্ষ
১	৬৪৪/২০২৩	সরকারি বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত।	জনাব সাবিনা পারভীন, শিক্ষার্থীর অভিভাবক, বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বরিশাল গং।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মোট ১৪ (চৌদ্দ) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
২	১০৬৭৬/২০২২	ঠাকুরগাঁও জেলার বালিয়াডাঙ্গী উপজেলাধীন "আইডিয়াল উচ্চ বিদ্যালয়" এর সদ্য এমপিওভুক্ত হওয়ার পর প্রধান শিক্ষক কর্তৃক প্রেরিত শিক্ষকগণের তালিকা হতে ফুলো বালা, শিক্ষক (হিন্দু ধর্ম)-এর নাম কর্তনপূর্বক জনাব গয়লাল সিংহ, সহকারী শিক্ষক এর নাম সংযুক্তকরণ।	জনাব গয়লাল সিংহ, সহকারী শিক্ষক, আইডিয়াল উচ্চ বিদ্যালয়, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মোট ১০(দশ) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

৩	১১১৯৬/২০২২	গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলাধীন "হরিরামপুর দ্বি-মুখী বালিকা উচ্চ বিদ্যালয়" এর শিক্ষক-কর্মচারীদের বেতন হাড়করণ।	জনাব বাচ্চা মিয়া সরকার, সভাপতি, ম্যানেজিং কমিটি, হরিরামপুর দ্বি-মুখী বালিকা উচ্চ বিদ্যালয়, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মোট ০৭ (সাত) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৪	১১৭৭০/২০২২	বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান শিক্ষক পদে চুক্তিভিত্তিক নিয়োগ সংক্রান্ত।	জনাব মোঃ নূরুল আমিন, প্রধান শিক্ষক (চুক্তিভিত্তিক), চিড়িয়াখানা বোটানিক্যাল উচ্চ বিদ্যালয়, মিরপুর, ঢাকা।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মোট ১৩ (তেরো) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৫	১৪৯৭৬/২০২২	পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন "খলিসাখালী মাধ্যমিক বিদ্যালয়" এর প্রধান শিক্ষক পদে নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ আবু জাফর (ইনডেক্স নং-৫১৩১৭৬) এর এমপিওভুক্তি সংক্রান্ত।	জনাব মোঃ আবু জাফর, প্রধান শিক্ষক, খলিসাখালী উচ্চ বিদ্যালয়, সদর, পটুয়াখালী।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মোট ০৭ (সাত) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

২.০ এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত (রিট পিটিশন নং-৬৪৪/২০২৩, ১০৬৭৬/২০২২, ১১১৯৬/২০২২, ১১৭৭০/২০২২ এবং ১৪৯৭৬/২০২২) মামলাসমূহ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাগুলো ডাটা বেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



৫-৩-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৭৭/১(৩)

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৯
০৫ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ

সচিবালয়, ঢাকা



৫-৩-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব